



তথ্যবিবরণী

নম্বর-২০

পবিত্র আশুরা উপলক্ষ্যে আরএমপি'র নিষেধাজ্ঞা

রাজশাহী; ২৩ শ্রাবণ (৭ আগস্ট):

আগামী মঙ্গলবার (০৯ আগস্ট) ২০২২ খ্রিস্টাব্দ, ১০ মহররম ১৪৪৪ হিজরি পবিত্র আশুরা উদযাপিত হবে। এ উপলক্ষ্যে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ (আরএমপি) বিধিনিষেধ আরোপ করেছে। আজ আরএমপি'র কমিশনার মোঃ আবু কালাম সিদ্দিক স্বাক্ষরিত এক আদেশে এ বিধিনিষেধ জারি করা হয়।

আদেশে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন- ১৯৯২ এর ২৬(ঢ), ২৯(১)(ক), ২৯(১)(খ) ধারায় অর্পিত ক্ষমতাবলে মহানগর এলাকায় আতশবাজি, পটকা ফুটানোসহ অন্যান্য ক্ষতিকারক দ্রব্য বিক্রি ও ব্যবহার, হিংসাত্মকভাবে আঘাত করার উদ্দেশ্যে অস্ত্রশস্ত্র, তলোয়ার, বর্শা, বন্দুক, ছোরা, লাঠি, বিস্ফোরকসহ অন্য কোনো ক্ষতিকর দ্রব্যাদি বহন ও 'পাইক' মিছিল সম্পূর্ণভাবে নিষিদ্ধ ঘোষণা করা হয়।

আদেশ অমান্যকারীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে উক্ত আদেশে উল্লেখ করা হয়।

.....
তৌহিদুজ্জামান/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/১২.৫০ঘ.